

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



নতুন আঙ্গিকে স্পেশাল এডুকেশন ভাবনা

প্রিয় নিউ ইয়র্কবাসী:

আমাদের প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের পরিষেবা দিতে প্রতিদিন কঠোর পরিশ্রমকারী শিক্ষক ও স্টাফদের প্রতি আমি অত্যন্ত কৃতজ্ঞ। আমাদের স্কুল কমিউনিটি জুড়ে আমি অসংখ্য ভালো কাজ হতে দেখি; এবং স্পেশাল এডুকেশনকে সম্পূর্ণ নতুন করে রূপদানের জন্য আমি ব্যাপক অগ্রগতির প্রয়োজন বোধ করছি। বর্তমান কাঠামোর অধীনে বহু পরিবারকে মৌলিক পরিষেবার জন্য সমস্যা মোকাবেলা করতে হয় বা তাদের সন্তানের জন্য কার্যকর সেবা স্কুলের জন্য অন্যত্র খোঁজ করতে হয়। আমরা বহু বছর ধরে স্পেশাল এডুকেশনে উন্নতি অর্জন করে থাকলেও আমাদের প্রতিবন্ধিতায়ুক্ত 200,000 শিক্ষার্থীর জন্য আমাদের অধিকতর উন্নতি করা আবশ্যিক।

আমাদের প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদানকারী প্রোগ্রামসমূহকে রূপান্তরিত করতে ও আস্থা ফিরিয়ে আনতে, আমাদের দর্শনকে তীক্ষ্ণ করতে সহায়ক একটি গণসংযোগ প্রক্রিয়ার শুভ সূচনা করতে, এবং একটি প্রকৃত অন্তর্ভুক্তিমূলক পাবলিক স্কুল ব্যবস্থা সৃষ্টি করতে —আমি সকল পরিবার, সমর্থক, এবং শিক্ষাবিদদের পাশে দাঁড়িয়েছি।

এই দর্শনের কেন্দ্রে আছে তিনটি বড় অগ্রগতি সাধন, যা নিশ্চিত করবে যে আমাদের প্রতিবন্ধিতায়ুক্ত সকল শিক্ষার্থীর সুযোগ আছে প্রোগ্রাম, সহায়তা এবং প্রয়োজনীয় পরিষেবা লাভের, যেন তারা সফলতার শীর্ষে পৌঁছাতে পারে:

কার্যকর প্রোগ্রামসমূহ সম্প্রসারণ

ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP—শিক্ষার্থী-নির্বিষ্ট পরিকল্পনা যা প্রতিটি প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীর থাকে) আছে, এমন প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের জন্য আমরা সিটির সকল কমিউনিটিতে আমাদের চারটি সফল প্রোগ্রামকে সম্প্রসারণ করছি।

- আমাদের ASD (অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার) নেস্ট এবং হরাইজন প্রোগ্রামগুলো অটিজম আছে যেসব শিক্ষার্থীর, তাদের শিক্ষায়তনিক ও সামাজিক দক্ষতাকে জোরদার করে। এ বছর আমরা সিটি জুড়ে 49-টি ASD হরাইজন এবং 69-টি ASD নেস্ট প্রোগ্রামে, 15-টি নতুন প্রোগ্রাম যোগ করেছি।
- যেসব শিক্ষার্থী নিবিড় মায়বিক চাহিদা প্রদর্শন করে, যা তাদের শিক্ষায়তনিক, সামাজিক-মানসিক শিক্ষণ ও আচরণকে প্রভাবিত করে, আমাদের SEED (সেনসরি এক্সপ্লোরেশন, এডুকেশন, অ্যান্ড ডিসকভারি) পাইলট প্রোগ্রাম তাদের পরিষেবা প্রদান করে। আমরা শিক্ষা বছরের শেষ দিকে বাড়তি 70-টি সাইটে SEED সম্প্রসারণ করবো এবং প্রতিটি ডিস্ট্রিক্ট-এ একটি থেকে চারটি SEED সাইট চালু করার লক্ষ্যে কাজ করবো।
- প্যাথ প্রোগ্রাম, যা উল্লেখযোগ্য আবেগজনিত প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের পরিষেবা দেয়, এ বছরের শেষ দিকে সেটাকে ছয়টি স্কুলের সাতটি ক্লাসরুমে সম্প্রসারণ করা হবে।

IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য পেশা অভিমুখী পথ পরিক্রমা তৈরি

প্রথমবারের মতো, বর্তমানে IEP-যুক্ত হাই স্কুল শিক্ষার্থীরা প্রতি শনিবারের রিলেটেড সার্ভিস-এর সাথে সংশ্লিষ্ট ক্ষেত্রে একটি বেতনভুক্ত ইন্টার্নশিপ-এ অংশগ্রহণের জন্য আবেদন করতে সক্ষম হবে। ইন্টার্নশিপটি তাদেরকে ফিজিক্যাল, অকুপেশন্যাল, এবং স্পিচ থেরাপি ক্যারিয়ার সম্পর্কে অনুসন্ধান করার সুযোগ দেবে। এটি আমাদের শিক্ষার্থীদের জন্য হবে একটি মহামূল্যবান অভিজ্ঞতা হবে এবং এটি হাই স্কুল পরবর্তী পেশা অভিমুখী একটি পথ পরিক্রমা তৈরি করবে।

একটি অধিকতর উন্নত 'স্পেশাল এডুকেশন সিস্টেম' তৈরিতে পরিবারসমূহকে ক্ষমতায়ন করা

আমাদের সম্পূর্ণ নতুন স্পেশাল এডুকেশন অ্যাডভাইজরি কাউন্সিল ছাড়া আমাদের স্পেশাল এডুকেশনকে নতুন করে রূপদান করা সম্ভব হবে না, যাতে অন্তর্ভুক্ত হবে পিতামাতা, স্থানীয় নেতৃবৃন্দ, অংশীদার ইউনিভার্সিটি, সমর্থনদানকারী, শিক্ষার্থী এবং শিক্ষাবিদগণ। আমরা শিক্ষা-নির্দেশনা ও প্রোগ্রামিং-এর অন্তর্ভুক্তি ব্যবধান শনাক্ত করার এবং আমাদের স্কুলগুলো যেভাবে প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে, তা উন্নত করার জন্য যাতে দৃঢ় ও অর্থবহ সুপারিশ দিতে পারে, সেজন্য অ্যাডভাইজরি কাউন্সিলকে ক্ষমতায়ন করেছি।

স্পেশাল এডুকেশনকে নতুন করে রূপদানের জন্য এবং আমাদের সকল পরিবার ও ছেলেমেয়েদের জন্য নাটকীয়ভাবে অধিকতর উন্নত, ভালো প্রোগ্রাম ও পরিষেবার সুযোগদানের জন্য আমি আমাদের পুরো কমিউনিটির পাশাপাশি কাজ করবো বলে প্রত্যাশা করছি।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস (David C. Banks)

চ্যান্সেলর

প্রতিবন্ধিতায়ুক্ত মানুষদের প্রতি সম্মাননামূলক আন্তর্জাতিক দিবসের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন

3 ডিসেম্বর হচ্ছে জাতিসংঘের প্রতিবন্ধিতায়ুক্ত মানুষদের প্রতি সম্মাননামূলক আন্তর্জাতিক দিবস। “এই দিবসটি পালনের উদ্দেশ্য হচ্ছে প্রতিবন্ধিতার সাথে সংশ্লিষ্ট সমস্যাগুলোর প্রতি সচেতনতা এবং প্রতিবন্ধিতায়ুক্তদের মর্যাদা, অধিকার ও কল্যাণের জন্য সহায়তা বৃদ্ধি,” UN-এর [ওয়েবসাইট](#) থেকে দ্রষ্টব্য।

আমরা এই স্বীকৃতির সাথে একাত্ম, কারণ আমরা প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের প্রোগ্রামকে নতুনভাবে রূপদান ও নাটকীয় উন্নয়নের লক্ষ্যে কাজ করছি।

শিক্ষার মান ও সুযোগসুবিধার আওতা বৃদ্ধির জন্য আমরা যেসব উপায়ে কাজ করছি, এই ধারবাহিক ভিডিওগুলো তার কিছু কিছু উপর আলোকপাত করে।

[“একজন নিউ ইয়র্ক সিটি স্পিচ প্যাথলজিস্টের কর্ম জীবনের একটি দিন \(A Day in the Life of a New York City Speech Pathologist\)”](#)

[“লিলিয়ান র্যাশকিন্স হাই স্কুলে নতুন কর্মসূচি উদ্বোধন \(New Lunch Program at Lillian Rashkis High School\)”](#)

[“লিলিয়ান র্যাশকিন্স হাই স্কুলে কার্য কর্মসূচিসমূহ \(Program at Lillian Rashkis High School\)”](#)

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবস্ক্রাইব](#) করুন।